

তারিখ : ০২ অক্টোবর, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০২/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আক্তারুজ্জামান এর নেতৃত্বে "চিটাগাং বুল" গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-তে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটিতে উন্মুক্ত রান্নাঘরে কাবাবসহ বিভিন্ন খাবার প্রস্তুত করতে দেখা যায়; রান্নাঘরে তেলোপোকা ও মাছির উপস্থিতি পরিলক্ষিত হয়; লেবেলবিহীন ঘি ও আমদানিকারকের তথ্যবিহীন বিদেশী খাদ্যোপকরণ মজুদ তথা ব্যবহার করতে দেখা যায়; রান্নাঘরে কর্মরত খাদ্যকর্মীদের পোশাক নোংরা দেখতে পাওয়া যায়। উক্ত অভিযোগসমূহ চিটাগাং বুল রেস্টুরেন্ট কর্তৃপক্ষকে পড়ে শুনালে সে জানায়, তাদের সকল নিবন্ধন রয়েছে; তারা অতিশীঘ্রই উন্মুক্ত রান্নাঘর কাঁচ দিয়ে বেষ্টিত করবে এবং খাদ্য কর্মীদের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করবে। অভিযুক্ত ব্যক্তির বক্তব্য পর্যালোচনা ও ব্যাখ্যা সন্তোষজনক হওয়ায় ৩০ দিনের সময় দিয়ে মুচলেকা নেয়া হয় এবং ৩০ দিন শেষে জনাব মো: আক্তারুজ্জামান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর আদালত বরাবর প্রমানসহ একটি লিখিত প্রতিবেদন দাখিল করবেন এই মর্মে অভিযুক্ত ব্যক্তিকে মামলা হতে অব্যাহতি প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে "চিটাগাং বুল" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: আব্দুল হান্নান, মনিটরিং অফিসার; জনাব মো: হারুনুর রশীদ, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(এ এইচ এম আসিফ বিন ইকরাম)

উপপরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।